

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date 03-03-2025

Time: 7-50 P.M.

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্যে শিল্প বিনিয়োগ সংক্রান্ত বিষয়ে প্রশাসনিক টালবাহানা বরদাস্ত করা হবে না বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি স্পষ্ট জানিয়ে দিয়েছেন। তিনি আজ নবান্নে শিল্প সংক্রান্ত সমন্বয় কমিটির বৈঠকে যোগ দেন।

২) গঙ্গার জল বন্টনের ৩০ বছরের মেয়াদের চুক্তি শেষ হওয়ার আগেই গঙ্গাজল বন্টন নিয়ে আলোচনার জন্য বাংলাদেশের প্রতিনিধি দল ভারতে এসেছে।

৩) যাদবপুর বিশ্ববিদ্যালয়ে গত শনিবারের ঘটনার পরিপ্রেক্ষিতে এস এফ আই আগামীকাল রাজ্যজুড়ে বিক্ষোভ কর্মসূচীর ডাক দিয়েছে।

এদিকে, ওই ঘটনার প্রতিবাদে এস এফ আই-এর ডাকা ধর্মঘটকে কেন্দ্র করে আজ বিক্ষিপ্ত অশান্তির খবর মিলেছে।

৪) আজ বিশ্ব বন্যপ্রাণ দিবস। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বন্যপ্রাণ ব্যবস্থাপনায় চিরাচরিত জ্ঞান এবং কৃত্রিম বুদ্ধিমত্তা প্রয়োগের আহ্বান জানিয়েছেন।

৫) আইপিএল ক্রিকেটে আজিঙ্ক্য রাহানে কলকাতা নাইট রাইডার্স দলের নেতৃত্ব দেবেন। সহ অধিনায়ক হয়েছেন ভেঙ্কটেশ আইয়ার।

oooooooooooooooooooo

রাজ্যে শিল্প বিনিয়োগ সংক্রান্ত বিষয়ে প্রশাসনিক টালবাহানা বরদাস্ত করা হবে না বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি স্পষ্ট জানিয়ে দিয়েছেন। গত মাসে বিশ্ব বঙ্গ বাণিজ্য সম্মেলনের পর আজ প্রথম নবান্ন সভাঘরে শিল্প সংক্রান্ত সমন্বয় কমিটির সঙ্গে তিনি বৈঠকে বসেন। তিনি স্পষ্ট জানান, শিল্পের অনুমোদন দেওয়ার জন্য কোনও কাজ ফেলে রাখা যাবে না। কেউ যদি এই কাজে অবহেলা করেন বা নির্দিষ্ট সময়ের মধ্যে ওই কাজ না করেন তাহলে তাঁর বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়া হবে। মুখ্যমন্ত্রী স্পষ্ট জানান, মানুষের কল্যাণে সরকারের গৃহীত প্রকল্পের জন্য কোনও টাকা নেওয়া যাবে না। কলকাতার লেদার কমপ্লেক্স সহ বিভিন্ন ক্ষেত্রে মিউটেশন দেওয়ার জন্য নির্ধারিত সময়েই কাজ করতে হবে বলে তিনি জানান। এই কাজ করার জন্য অনেক জায়গায় টাকার লেনদেন হচ্ছে বলেও অভিযোগ করেন মুখ্যমন্ত্রী। এই ধরনের লেনদেন বন্ধ করার ওপরে জোর দেন তিনি। মুখ্যমন্ত্রী আরও বলেন এখন রাজ্যে অনেক শিল্পপতি বিনিয়োগ করার জন্য আগ্রহ প্রকাশ করেছেন। রাজ্য জুড়েই বিভিন্ন জেলায় এই শিল্প স্থাপন এবং বিনিয়োগের কাজ চলছে। এর ফলে পুরুলিয়ার রঘুনাথপুর, বীরভূমে ডেউচা প্রকল্প সহ বিভিন্ন ক্ষেত্রে অনেক কর্মসংস্থান হবে। এইসব বিনিয়োগে দ্রুত ছাড়পত্র দেওয়ার উপর বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে। বাণিজ্য সম্মেলন থেকে আসা বিনিয়োগ প্রস্তাবের মধ্যে ইতমধ্যেই একহাজারের বেশি প্রকল্পকে পরিবেশ সংক্রান্ত ছাড়পত্র দেওয়া হয়েছে। শিল্পে বিনিয়োগের ক্ষেত্রে বিভিন্ন দফতরের মধ্যে সমন্বয় বৃদ্ধির উদ্দেশ্যে রাজ্য স্তরের শিল্প সমন্বয় কমিটির পোর্টালেরও আজ উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী। বৈঠকে অর্থ, শিল্প, ক্ষুদ্রশিল্প, পূর্ত, পঞ্চায়েত সহ মোট ১৪টি দপ্তরের মন্ত্রী ও সচিবেরা উপস্থিত ছিলেন। এছাড়া শিল্পোন্নয়নের লক্ষ্যে গঠিত ছ'টি সেক্টর কমিটির শীর্ষে থাকা বিশিষ্ট শিল্পপতি ও বণিকসভার সদস্যরা উপস্থিত ছিলেন।

oooooooooooooooooooo

রাজ্য সরকারের চুক্তিভিত্তিক গাড়ির চালকদের বেতন বাড়ল। নিয়োগের সময় তাঁরা ১৬ হাজার টাকা করে বেতন পাবেন। ৫ বছর কাজ করার পর বেতন হবে ২০ হাজার টাকা। ১০ বছরে তা বেড়ে হবে ২৫ হাজার টাকা। ১৫ বছর পর তাঁরা পাবেন ৩১ হাজার টাকা। ২০ বছর অতিক্রান্ত হলে তাঁদের বেতন বেড়ে দাঁড়াবে ৩৮ হাজার টাকা। ৬০ বছর বয়স পর্যন্ত এই বেতনক্রম চালু থাকবে। এই বেতনক্রম কার্যকর হচ্ছে চলতি বছর পয়লা জানুয়ারি থেকে। অর্থদপ্তর থেকে আজ এই মর্মে জারি করা হয় বিজ্ঞপ্তি। উল্লেখ্য, পুরনিগম, পর্যদের মত সরকারি সংস্থার সঙ্গে যুক্ত গাড়ি চালকদের বেতন বৃদ্ধির বিষয়টি বিবেচনাধীন ছিল।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

গঙ্গা জল বন্টনের তিরিশ বছরের মেয়াদের চুক্তি শেষ হবার আগেই ভারতের সঙ্গে গঙ্গা জল বন্টন নিয়ে আলোচনার লক্ষ্যে ভারত-বাংলাদেশ যৌথ নদী কমিশনের বৈঠকে যোগ দিতে জেআরসিবি সদস্য মোহাম্মদ আবুল হোসেনের নেতৃত্বে বাংলাদেশের ৭ সদস্যের কারিগরী দল আজ কোলকাতা হয়ে ফারাক্কা পৌঁছেছেন। পাঁচ দিনের ওই সফরে আগামীকাল তারা ফারাক্কায়ে গঙ্গা নদীর সন্নিহিত এলাকা পরিদর্শন করবেন এবং ফারাক্কায়ে গঙ্গা নদীতে জল স্তর, জলের প্রবাহ সংক্রান্ত পরিসংখ্যান খতিয়ে দেখবেন। ৫ই মার্চ ফারাক্কা শিবেন থেকে দুই দেশের যৌথ নদী কমিশনের সদস্যরা কলকাতায় ফিরবেন। পরের দুই দিন ৬ এবং ৭ মার্চ কলকাতায় অনুষ্ঠিত হবে দু দেশের গুরুত্বপূর্ণ বৈঠক। উল্লেখ্য ১৯৯৬ সালে দুই দেশের মধ্যে সম্পাদিত চুক্তির ফলে বাংলাদেশ, এক তৃতীয়াংশ (৩৮%) গঙ্গার জলের উপর নির্ভরশীল। মূলত বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে এই জলের যথেষ্ট গুরুত্ব রয়েছে।

উল্লেখ করা যেতে পারে বাংলাদেশ ও ভারতের মধ্যে প্রবাহিত গঙ্গার জলবন্টন নিয়ে ১৯৯৬ সালের ১২ই ডিসেম্বর ওই চুক্তি স্বাক্ষর করেছিলেন ভারত ও বাংলাদেশের

দুই তৎকালীন প্রধানমন্ত্রী এইচ ডি দেবগৌড়া ও শেখ হাসিনা। ৩০ বছরের চুক্তির মেয়াদ আগামী বছর অর্থাৎ ২০২৬ সালে শেষ হওয়ার কথা।

০০০০০০০০০০০০০০০০০০০০০

যাদবপুর বিশ্ব বিদ্যালয়ে গত শনিবারের ঘটনার প্রেক্ষিতে এসএফআই এর ডাকা আজকের ছাত্র ধর্মঘটে এসএফআই কর্মী সমর্থকদের ওপর পুলিশ এবং তৃণমূলের যৌথ বাহিনীর হামলার প্রতিবাদে এসএফআই আগামীকাল রাজ্য জুড়ে বিক্ষোভ কর্মসূচির ডাক দিয়েছে। আজ কলকাতায় এসএফআইয়ের রাজ্য সদর দপ্তরে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এসএফআই রাজ্য সম্পাদক দেবাঞ্জন দে আজকের ধর্মঘটকে যাঁরা সমর্থন করেছেন তাঁদের অভিনন্দন জানিয়ে বলেন, আগামীকাল রাজ্যের প্রতিটি জেলায় পুলিশ ও তৃণমূলের যৌথ হামলার প্রতিবাদে বিক্ষোভ কর্মসূচি হবে। তবে উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের যাতে কোনোরকম অসুবিধার সৃষ্টি না হয় সেজন্য কোথাও মাইক ব্যবহার না করে এই কর্মসূচি করা হবে। আজকের ধর্মঘটের কোন প্রভাব উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের ওপরে পড়েনি বলে দাবী করে তিনি বলেন, উল্টে এসএফআই কর্মীরা পরীক্ষার্থীদের জন্য ক্যাম্প করেছে। তবে কাঁচড়াপাড়াতে উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীদের জন্য এসএফআইয়ের ক্যাম্পে তৃণমূলের গুন্ডা বাহিনী ভাঙচুর চালায় বলে তাঁর অভিযোগ।

এদিকে, শিক্ষামন্ত্রীর গাড়িতে ছাত্রের আহত হওয়ার ঘটনা সাজানো বলে তৃণমূলের মুখপাত্র দেবাংশু ভট্টাচার্য যে দাবি করেন, তার কড়া সমালোচনা করেছেন এসএফআই এর সর্বভারতীয় নেতা সৃজন ভট্টাচার্য। তিনি বলেন গত দুদিন তৃণমূল একের পর এক মিথ্যা কথা বলছে। মিথ্যা ভিডিও ছড়াচ্ছে। বিকাশ ভবনে এসএফআইয়ের প্রতিনিধিদের সঙ্গে দেখা করার যে কথা শিক্ষামন্ত্রী বলেছেন তাও মিথ্যা বলে দাবি করেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০০০

যাদবপুরের ঘটনার প্রতিবাদে আজ রাজ্যের সমস্ত বিশ্ববিদ্যালয়ে বামপন্থী ছাত্র সংগঠন-এসএফআইয়ের ডাকা ধর্মঘটকে কেন্দ্র করে বিক্ষিপ্ত অশান্তির খবর মিলেছে। কলকাতা, প্রেসিডেন্সি সহ একাধিক বিশ্ববিদ্যালয়ে ধর্মঘট সমর্থকরা পিকেটিং করেন। বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় ডি এস ও-র কর্মসূচীকে কেন্দ্র করে আজ উত্তেজনা ছড়ায়। গেটের সামনে ডি এস ও-র সমর্থকরা অবস্থান শুরু করলে পুলিশ তাদের বাধা দেয়। বিক্ষোভকারীদের টেনে হিঁচড়ে পুলিশ ভ্যানে তোলা হয় বলে অভিযোগ।

মালদার গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়েও এস এফ আই সমর্থকদের ওপর হামলা চালানোর অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেস ছাত্র পরিষদের সদস্যদের বিরুদ্ধে। এস এফ আই -এর মালদা জেলা সভাপতি কৌশিক মৈত্র অভিযোগ করেন, তারা শিক্ষামন্ত্রী খুশু পুতুলিকা দাহ করে বিক্ষোভ প্রদর্শন করছিলেন। সেই সময় আচমকা তাদের ওপর হামলা চালানো হয়। গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়ে শিক্ষাবন্ধু সেলের নেতা শুভায়ু দাস অবশ্য অভিযোগ অস্বীকার করেছেন।

মুর্শিদাবাদ বিশ্ববিদ্যালয়ে এ আই ডি এস ও পোস্টার লাগাতে গেলে তৃণমূল কংগ্রেস ছাত্র পরিষদের সদস্যরা তাদের বাধা দেয় বলে অভিযোগ।

শিলিগুড়িতে এস এফ আই সমর্থকদের মারধোরের অভিযোগ উঠেছে শাসক দলের ছাত্রদের বিরুদ্ধে।

পূর্ব মেদিনীপুরের পাঁশকুড়া বনমালি কলেজেও এস এফ আই-এর কর্মসূচীকে কেন্দ্র করে ধুকুমার বাধে।

দক্ষিণ ২৪ পরগনার বারুইপুরে সি পি আই এম-এর কার্যালয় তৃণমূল কংগ্রেস ছাত্র পরিষদের সদস্যরা জোর করে ঢুকে হামলা চালায় বলে অভিযোগ। কার্যালয়ের গেটে তালা লাগিয়ে দেয় তারা। ভিতরে আটকে পড়েন সি পি আই এম নেতা সূজন চক্রবর্তী, রাহুল ঘোষ, রতন বাগচি সহ অন্যরা। দলীয় কার্যালয়ে এই হামলার প্রতিবাদে

বারুইপুর পার্টি অফিস থেকে এক মিছিলে সামিল হন সূজন চন্দ্রবর্তী, কান্তি গাঙ্গুলী প্রমুখ। পরে সূজনবাবু সাংবাদিকদের বলেন,

(বাইট – সূজন)

বর্ধমান বিশ্ববিদ্যালয়েও গোলাপবাগ ক্যাম্পাসে পৃথকভাবে প্রতিবাদে সামিল হয় বাম ছাত্র সংগঠন এস এফ আই ও তৃণমূল কংগ্রেস ছাত্র পরিষদ। এস এফ আই সমর্থকদের অভিযোগ তাদের কর্মসূচী চলাকালীন নিরাপত্তা কর্মী তাদের বাধা দিলে বচসা বাধে।

অন্যদিকে, তৃণমূল ছাত্র পরিষদ, ওয়েবকুপা ও সারা বাংলা তৃণমূল শিক্ষাবন্ধু সমিতির কর্মী-সমর্থকেরা কালো ব্যাচ পরে শিক্ষামন্ত্রীর ওপর হামলার প্রতিবাদে মিছিলে সামিল হন।

এদিকে, যাদবপুর কান্ডের প্রতিবাদে পথে নামে বিজেপিও। গোলপার্ক থেকে মিছিল করে তারা।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন, মুখ্যমন্ত্রী প্রশ্নেই যাদবপুর বিশ্ববিদ্যালয় মাওবাদী ও ভারত বিরোধী শক্তির মুক্তাঞ্চল হয়ে উঠেছে। সেখানে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা উচিত। তিনি আজ সন্দেশখালিতে সাংবাদিকদের বলেন,

(বাইট – শুভেন্দু)

বিজেপি-র রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারও যাদবপুরের ঘটনার সমালোচনা করেছেন। এদিকে, প্রবীণ কংগ্রেস নেতা অধীররঞ্জন চৌধুরী বলেছেন, যাদব বিশ্ববিদ্যালয়ের ঘটনার নিন্দার কোন ভাষা নেই। শিক্ষামন্ত্রী কিভাবে গাড়ি চালিয়ে ছাত্রকে চাপা দিলেন, সেই প্রশ্ন তোলেন তিনি।

(বাইট – অধীর)

oooooooooooooooooooooooooooo

উচ্চমাধ্যমিক প্রথম দিনের পরীক্ষা আজ নির্বিঘ্নে সম্পন্ন হয়েছে। আজ ছিল প্রথম ভাষার পরীক্ষা।

বামপন্থী ছাত্র সংগঠনের ডাকা ধর্মঘটের কারণে পরীক্ষা ঘিরে নিরাপত্তার বন্দোবস্ত জোরদার করা হয়। বৈদ্যুতিন সরঞ্জাম নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ রুখতেও ছিল বাড়তি নজরদারি।

০০০০০০০০০০০০০০০০০০০

আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগে ক্যাজুয়াল ভিত্তিক নিয়োগ পরীক্ষার চূড়ান্ত ফলাফল প্রকাশিত। আকাশবাণীর সোশ্যাল মিডিয়াতে তা পাওয়া যাবে। দফতরের রিসেপশন এবং নিউজ রুমের নোটিশ বোর্ডে তালিকা টাঙানো রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

আজ বিশ্ব বন্যপ্রাণ দিবস। নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ বিশ্বজুড়ে দিনটি পালিত হচ্ছে। বন্যপ্রাণীর সুরক্ষার প্রতি জনসচেতনতা প্রসারই দিনটি পালনের মূল উদ্দেশ্য। ২০১৩ সালে রাষ্ট্রসংঘ ৩ মার্চ দিনটিকে বিশ্ব বন্যপ্রাণী দিবস হিসেবে ঘোষণা করে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, বন্যপ্রাণ ব্যবস্থাপনায় চিরাচরিত জ্ঞান এবং কৃত্তিম বুদ্ধিমত্তা – এ আই এর বৃহত্তর ব্যবহারের জন্য আহ্বান জানিয়েছেন। তিনি আজ বন্যপ্রাণ সংরক্ষন দিবস উপলক্ষ্যে গুজরাতে জুনাগড়ের সাসান গিরে জাতীয় বন্যপ্রাণ পার্কের সপ্তম বৈঠকে সভাপতিত্ব করেন। বন্য প্রাণ ব্যবস্থাপনা এবং দাবানলের ক্ষেত্রে ভূস্থানিক ম্যাপিং, প্রযুক্তিগত শিক্ষা এবং কৃত্তিম বুদ্ধিমত্তা ব্যবহারের ওপর জোর দেন তিনি। ডলফিন রক্ষায় এলাকার বাসিন্দা ও গ্রামবাসীদের সচেতন করার প্রয়োজনীয়তার কথা বলেন প্রধানমন্ত্রী। বৈঠকে প্রধানমন্ত্রী, দেশের নদীতে বসবাসকারী ডলফিনের সংখ্যার বিষয়ে হওয়া সর্বপ্রথম সমীক্ষার রিপোর্ট পেশ করেন। এই রিপোর্ট অনুযায়ী এ ধরনের ডলফিনের সংখ্যা ৬ হাজার ৩শো ২৭। ৮ টি রাজ্যের ২৮ টি নদীর মত সাড়ে

৮ হাজার কিলোমিটার নদীপথে এই সমীক্ষা চালানো হয়। এর মধ্যে শীর্ষস্থানে রয়েছে উত্তরপ্রদেশ। পশ্চিমবঙ্গের স্থান তৃতীয়।

এদিকে, বন্যপ্রাণ দিবসে আজ হাওড়ার আমতা ২ নম্বর ব্লকের উত্তর খালনার পুর্বের বাঁধ সংলগ্ন জঙ্গল থেকে একটি গন্ধগোকুলের দেহ উদ্ধার হয়েছে। বনদপ্তরের কর্মীরা এসে সেটিকে ময়না তদন্তে পাঠিয়েছে

০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় পঞ্চদশ অর্থকমিশনের বরাদ্দ প্রায় দু কোটি টাকা আর্থিক তহরুরপের অভিযোগে মুর্শিদাবাদের সুতি-১ ব্লকের তৃণমূল কংগ্রেসের প্রাক্তন দুই প্রধানকে গ্রেপ্তার করেছে পুলিশ। সুতির বহুতালী গ্রাম পঞ্চায়েতের প্রাক্তন এই দুই প্রধান আব্দুল শেখ এবং সুমোনি মন্ডলকে আজ জঙ্গিপুৰ আদালতে তোলা হলে ৪ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে। সুতি থানার ওসি বিজন রায় তাদের দফায় দফায় জেরা করেন।

ধৃত আব্দুল শেখের স্ত্রী ওয়াহিদা খাতুন বর্তমানে বহুতালী গ্রাম পঞ্চায়েতের প্রধান। অভিযোগ দুই প্রাক্তন প্রধান তাদের পঞ্চায়েত পরিচালনার সময়ে দফায় দফায় টাকা তহরুরপ করেছেন। ঘটনার অভিযোগ পেয়ে গত বছরই সুতি-১ ব্লকের বিডিও থানায় এফ আই আর করেন। তারপরেই গত ১৮ই ডিসেম্বর ওই পঞ্চায়েতের সেক্রেটারি অশোক ঘোষকে গ্রেপ্তার করে পুলিশ। আজ বাকি অভিযুক্তদের মধ্যে দুই প্রাক্তন প্রধানকে গ্রেপ্তার করে সুতি থানা। এদিকে এই ঘটনায় ব্যাপক হেঁচো সৃষ্টি হয় রাজনৈতিক মহলে। বিরোধীরা কটাক্ষ করতে শুরু করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

একাধিক অভিযোগ ও বেনিয়মের ভিত্তিতে মালদার কালিয়াচক ১নং ব্লকের সিলামপুর গ্রামীণ হাসপাতালে পিপিপি মডেলে চলা প্যাথলজিক্যাল ল্যাব সিল করে দিল মালদা জেলা প্রশাসনের সার্ভেল্যান্স টিম।

এই প্রসঙ্গে জেলা মুখ্যস্বাস্থ্য আধিকারিক ডাঃ সুদীপ্ত ভাদুড়ি জানান, সিলামপুর গ্রামীণ হাসপাতালে পিপিপি মডেলে চলা প্যাথলজিক্যাল ল্যাব নিয়ে ভুরিভুরি অভিযোগ উঠছিল। একাধিক বেনিয়ম ধরা পড়েছে। তাই আপাতত ল্যাবটি সিল করা হল।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আসন্ন আইপিএল ক্রিকেটে আজিঙ্ক্য রাহানে কলকাতা নাইট রাইডার্স দলের নেতৃত্ব দেবেন। সহ অধিনায়ক হয়েছেন ভেঙ্কটেশ আইয়ার। আজই অধিনায়ক ও সহ অধিনায়কের নাম ঘোষণা করা হয়।

আগামী ২২ শে মার্চ এবারের আইপিএলে শুরু হবে। কলকাতার ইডেন গার্ডেনসে প্রথম দিনে গতবারের চ্যাম্পিয়ন নাইট রাইডার্স, রয়াল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর মুখোমুখি হবে।

উল্লেখ্য, এবারের আইপিএলের নিলামে ভেঙ্কটেশ কে সবচেয়ে বেশী ২৩ কোটি ৭৫ লক্ষ টাকায় কিনেছিল কেকেআর। রাহানেকে নিয়েছিল দেড় কোটি টাকার।

এদিকে আজই নাইট রাইডার্স এর নতুন জার্সির প্রকাশ করা হয়েছে। জার্সির বুকে রয়েছে তিনবারের আইপিএল জয়ের সংকেত হিসাবে তিনটি তারা। জার্সির হাতায় সোনালী বাজ রয়েছে। গতবারের চ্যাম্পিয়ন হিসাবে এই বাজ রাখা হয়েছে। কেকেআর এদিন জার্সি র ভিডিও প্রকাশ করেছে। নতুন জার্সি পরে রিঙ্কু সিং, ভেঙ্কটেশ আয়ার, রমনদীপ সিং, মণীশ পাণ্ডে, মায়াক্ষ মারকাণ্ডে, নবনীত সিসোদিয়াকে দেখা যায়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আই এস এল ফুটবলের ম্যাচে আগামীকাল মহামেডান স্পোর্টিং, এফসি গোয়ার বিরুদ্ধে খেলবে। গোয়ার ফতোরদা স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। দুই দলই ২২ টি করে ম্যাচ খেলেছে। গোয়া ৪৫ পয়েন্ট সংগ্রহ করে লিগতালিকার দ্বিতীয় স্থানে, মহামেডান ১২ পয়েন্ট সংগ্রহ করে ১৩ দলের লিগে সবশেষে রয়েছে।

oooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooo